দৈনিক
ইত্তেফাক

তারিখ 12 JAN 2007
পৃষ্ঠা ২০ কলাম ৭

# প্রশ্নপত্র ফাঁস হওয়ায় বগুড়া সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের ভর্তি পরীক্ষা স্থগিত

॥ বগুড়া সংবাদদাতা ॥

প্রশ্নপত্র ফাঁস হওয়ার কারণে গতকাল বৃহস্পতিবার বগুড়া সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের তৃতীয় শ্রেণীর ছাত্রী ভর্তি পরীক্ষা শেষ মুহূর্তে স্থগিত করে দিয়েছেন বিদ্যালয় কর্তৃপক্ষ। একটি কোচিং সেন্টার থেকে এই প্রশ্নপত্র ফাঁস করা হয়েছে বলে অভিভাবকেরা জানিয়েছেন। পূর্বঘোষিত সময় অনুযায়ী গতকাল সকালে বগুড়া সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে এই ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। সেই অনুযায়ী পরীক্ষা গ্রহণের সকল প্রকার প্রস্তুতিও নিয়েছিল বিদ্যালয় কর্তৃপক্ষ। ভোর থেকেই অভিভাবকেরা তাদের শিশু কন্যাদের নিয়ে বিদ্যালয়ের সামনের রাস্তায় ভিড় জমান। কিন্তু পরীক্ষা শুরুর আগ মুহূর্তে বিদ্যালয় গেটে একটি বিজ্ঞপ্তি ঝুলিয়ে দিয়ে জানানো হয়, অনিবার্য কারণে ভর্তি পরীক্ষা স্থগিত করা হয়েছে। ১৯ জানুয়ারী সকাল ৮টায় এই পরীক্ষা অনুষ্ঠিত হবে। এব্যাপারে বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা শাহিদা খাতুন জানান, সকালে তিনি স্কুলে যাবার আগ-মুহূর্তে একজন অভিভাবকের কাছ থেকে ফোনে প্রশ্নপত্র ফাঁসের বিষয়টি শুনেছেন। তাকে সে সময় বেশ কয়েকটি প্রশ্ন বলা হয় যার সঙ্গে পরীক্ষার প্রশ্নপত্রের সঙ্গে হুবহু মিলে যায়। এ নিয়ে যেন কোন সন্দেহ দেখা না দেয় এবং ভর্তি পরীক্ষার স্বচ্ছতা নিশ্চিত করার জন্য পরীক্ষা স্থগিত করা হয়েছে।

অপরদিকে বগুড়ার অপর সরকারি স্কুল বগুড়া জিলা স্কুলের তৃতীয় শ্রেণীর ভর্তি পরীক্ষা গতকাল যথারীতি অনুষ্ঠিত হয়েছে। এই স্কুলের ২২০টি আসনের জন্য প্রার্থী ছিল ১ হাজার ৩৮৫জন।